

ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩

বিজ্ঞপ্তি

অত্র বিশ্ববিদ্যালয়ের আইডিএম এ মাস্টার্স ও পি-এইচ. ডি এবং মাস্টার্স ইন স্যানিটেশন প্রোগ্রামে যে সকল ছাত্র/ছাত্রী অধ্যয়ন করছে তাদেরকে আগামী ১৬/০১/২০১৯ইং হতে ৩০/০১/২০১৯ তারিখের মধ্যে ২০২০ শিক্ষাবর্ষের জানুয়ারী সেমিস্টারে কোর্স ও থিসিস/প্রজেক্ট এর রেজিস্ট্রেশন সম্পন্ন করার জন্য নিম্নবর্ণিত হারে ফি পরিশোধান্তে কোর্স রেজিস্ট্রেশন করতে বলা যাচ্ছে।

উল্লেখ্য যে, ২০২০ শিক্ষাবর্ষের জানুয়ারী সেমিস্টারে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের কোর্স রেজিস্ট্রেশন বাবদ কোন ফি প্রদান করতে হবে না। তাদেরকে শুধুমাত্র অনলাইনে কোর্স রেজিস্ট্রেশন করতে হবে।

ফি এর বিবরণ

সঞ্চয়ী হিসাব নং-২৫৮৯		
১।	কোর্স রেজিস্ট্রেশন ফি প্রতি Credit hour ১০০/- টাকা হারে	
২।	পরীক্ষার ফি	৩৫০.০০
৩।	ছোডশীট	৫০.০০
৪।	থিসিস/প্রজেক্ট ফি প্রতি Credit hour ১০০/- টাকা হারে	
৫।	চিকিৎসা ফি *	২২০.০০
৬।	ইন্টারনেট ফি *	১৮০.০০
৭।	পরিবহন ফি *	২২৫.০০
৮।	বিদ্যুৎ *	৩০০.০০
সঞ্চয়ী হিসাব নং-২১৪৩		
৯।	ধর্মীয় ফি	২৫.০০
সঞ্চয়ী হিসাব নং-২৩০৩		
১০।	ছাত্র বিষয়ক কার্যক্রম	৭৫.০০
১১।	সাহিত্য ও সংস্কৃতি ফি	৪৫.০০
১২।	খেলাধুলা ফি	১২৫.০০
১৩।	বার্ষিকী	৩০.০০
সঞ্চয়ী হিসাব নং-৬২৫০		
১৪।	জরুরী সাহায্য তহবিল	১০০.০০
সঞ্চয়ী হিসাব নং-০১০০০৮৬৯৪৯৭৭১		
১৫।	বিএনসিসি	২০.০০

আরও উল্লেখ্য যে, অত্র বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষার্থীদের (বিভাগীয় প্রার্থী) ক্ষেত্রে ‘*’ চিহ্নিত পরিবহন, বিদ্যুৎ, চিকিৎসা এবং ইন্টারনেট ফি প্রযোজ্য হবে না।

জরিমানা ছাড়া কোর্স রেজিস্ট্রেশনের শেষ তারিখঃ ৩০/০১/২০২০ইং।

৩০০/- (তিনশত) টাকা জরিমানাসহ কোর্স রেজিস্ট্রেশনের তারিখঃ ০২/০২/২০২০ইং হতে ০৬/০২/২০২০ইং তারিখ পর্যন্ত।

অনলাইন রেজিস্ট্রেশন করার নিয়মাবলী

- ছাত্র-ছাত্রীদেরকে আইডিএম এর অফিস হতে User ID ও Password সংগ্রহ করে অনলাইনে (academic.kuet.ac.bd/pg/) রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। আইডিএম কর্তৃক অফারকৃত কোর্স এর মধ্য থেকে যে সকল কোর্স নিতে ইচ্ছুক সে সকল কোর্স টিক (✓) চিহ্ন দিয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে এবং A4 সাইজের কাগজে Landscape mode এ প্রিন্ট নিতে হবে। প্রিন্টকৃত রেজিস্ট্রেশন কার্ডে নিজের, সুপারভাইজার, কোর্স কো-অর্ডিনেটর এবং আইডিএম এর পরিচালক এর স্বাক্ষরের পর রেজিস্ট্রেশন কার্ডসহ শিক্ষা শাখায় যোগাযোগ করতে হবে।
- পূরণকৃত রেজিস্ট্রেশন কার্ড ফটোকপি করে কোর্স কো-অর্ডিনেটর ও আইডিএম এর দপ্তরে জমা দিতে হবে এবং এক কপি নিজের কাছে রাখতে হবে।
- টাকা জমা দেওয়ার রশিদে নির্ধারিত হারে ফি-এর টাকা পূরণপূর্বক তা শিক্ষা শাখা কর্তৃক যাচাই এর পর ব্যাংকে টাকা জমা দিতে হবে এবং টাকা জমা রশিদের শিক্ষা শাখার কপিসহ ও পূরণকৃত মূল রেজিস্ট্রেশন কার্ড শিক্ষা শাখায় জমা দিতে হবে।
- অনলাইনে রেজিস্ট্রেশনের সময় কোন ধরণের সমস্যার সম্মুখীন হলে সে ক্ষেত্রে শিক্ষা শাখা অথবা পরীক্ষা শাখার সহকারী প্রোগ্রামার জনাব মোঃ আসাফ- উদ্দৌলা গোলাপ এর সাথে যোগাযোগ করতে হবে।

স্বাক্ষরিত/-

০৮/১/২০২০

(প্রফেসর ড. কাজী হামিদুল বারী)

পরিচালক (আইডিএম)

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্মারক নং-খুপ্রবি/শিক্ষা/১৩৬০/৭ তারিখঃ ১৪/০১/২০২০ইং।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। পরিচালক, আইআইসিটি, অত্র বিশ্ববিদ্যালয়। অত্র বিজ্ঞপ্তিটি ইন্টারনেটে প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।

২। রেজিস্ট্রার, অত্র বিশ্ববিদ্যালয়।

৩। পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ), অত্র বিশ্ববিদ্যালয়।

৪। কম্পিউটার, অত্র বিশ্ববিদ্যালয়।

৫। পরীক্ষা নিয়ন্ত্রক, অত্র বিশ্ববিদ্যালয়।

৬। ম্যানেজার, জনতা ব্যাংক, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা, খুলনা। ছাত্র-ছাত্রীদের ভর্তি ফি ও অন্যান্য পাওনাদি জমা নেওয়ার

প্রয়োজনীয় ব্যবস্থার গ্রহণের জন্য অনুরোধ করা হলো। অত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষা শাখার ছাড়পত্র ছাড়া কোন টাকা জমা না নেওয়ার জন্য

অনুরোধ করা হলো।

৭। সকল নোটিশ বোর্ড।

৮। সংরক্ষণ নথি।

(সেখ আক্বাহ আলী)

ডেপুটি রেজিস্ট্রার, শিক্ষা শাখা।